**আকাশবাণী শিলচর**

**REGIONAL NEWS UNIT – SILCHAR**

**EVENING NEWS BULLETIN**

**BENGALI**

**17 SEPTEMBER 2024** **7:45—7:55 PM IST**

==========================================================

১) সমগ্র দেশের সঙ্গে আসামেও স্বচ্ছতাই সেবা অভিযান আরম্ভ ।

২) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর জন্মদিনের সঙ্গে সঙ্গতি রেখে আজ আসামের এক লক্ষ তিন হাজার ৫৭৫ টি প্রধানমন্ত্রী আবাস যোজনার নবনির্মিত গৃহপ্রবেশ কার্যসূচী । প্রকল্পের দ্বিতীয় পর্যায়ে আসামকে অতিরিক্ত ১ লক্ষ ৭১ হাজারেরও অধিক গৃহের আবন্টন ।

৩) আসাম লোকসেবা আয়োগের পরীক্ষায় অনিয়ম সম্পর্কে বিশেষ তদন্তকারী গোষ্ঠীর দাখিল করা অভিযোগনামার ভিত্তিতে আজ বিশেষ বিচারপতির আদালতের // ২৩ জন আধিকারিকের বিরুদ্ধে অভিযোগ গ্রহণ ।

এবং

৪) সমগ্র দেশের সঙ্গে বরাক উপত্যকায়ও আজ কারিগরী বিদ্যার অধিষ্ঠাতা শ্রী শ্রী বিশ্বকর্মা পূজা পালন ।

---

সমগ্র দেশে আজ স্বচ্ছতাই সেবা অভিযান ২০২৪ শুরু হয়েছে ।এ বছর এই অভিযানের বিষয়বস্তু হচ্ছে ‘স্বভাব স্বচ্ছতা - সংস্কার স্বচ্ছতা ’ । এই অভিযান আগামী দোসরা অক্টোবর পর্যন্ত চলবে । দেশের পর্যটনস্থল , বিভিন্ন প্রতিষ্ঠান , বানিজ্যিক

অঞ্চল , জলাশয় , চিরিয়াখানা , শৌচালয় ইত্যাদি স্থানে সম্মিলিত শ্রমদানের মাধ্যমে এই অভিযান চালানো হবে ।উল্লেখ্য ২০১৪ সালে শুরু হওয়া স্বচ্ছ ভারত অভিযান এক দশক পূর্ণ করেছে ।রাজ্য তথা কেন্দ্রীয় সরকারের সব মন্ত্রনালয় দেশের জনসাধারণের স্বচ্ছতার জন্য বিভিন্ন কার্যসূচীর আয়োজন করেছে ।সমাজের ভিন্ন দৃষ্টিভঙ্গীর আধারে তিনটি মুখ্য দিককে অন্তর্ভুক্ত করে চলতি বছরের এই অভিযান আরম্ভ করা হয়েছে ।এই বিশেষ দিকগুলো হচ্ছে স্বচ্ছতায় বিশেষ গোষ্ঠিগুলোর জন্য শ্রমদান কার্যসূচি , স্বচ্ছতায় জনসাধারণের অংশগ্রহণ , এবং সাফাই মিত্র সুরক্ষা শিবির । এই অভিযানে জনসাধারণ সহ বিভিন্ন শিল্প প্রতিষ্ঠান , বেসরকারী সংস্থা , উন্নয়নমূলক সংস্থা , পঞ্চায়েত তথা বিভিন্ন গোষ্ঠি অংশগ্রহণ করবে ।
গুয়াহাটী পৌরনিগমের উদ্যোগেও আজ স্বচ্ছ ও সবুজ গুয়াহাটী গড়ে তোলার উদ্দেশ্যে আয়োজিত এক অনুষ্ঠানে রাজ্যের গৃহ ও শহর পরিক্রমা মন্ত্রী অশোক সিংহল অংশগ্রহণ করেন ।

---

রাষ্ট্রপতি দ্রৌপদী মূর্মু ,উপ-রাষ্ট্রপতি জগদীপ ধনকর এবং কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী মন্ত্রী অমিত শাহ প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর ৭৪ তম জন্মদিন উপলক্ষ্যে তাঁকে শুভেচ্ছা জানিয়েছেন । রাষ্ট্রপতি মূর্মু সামাজিক মাধ্যমে বলেছেন যে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি তাঁর ব্যাক্তিত্ব ও কর্মের মাধ্যমে দেশের সমৃদ্ধি ও মর্যাদা বৃদ্ধি করেছেন । রাষ্ট্র প্রথম ভাবনা নিয়ে চালানো প্রধানমন্ত্রীর অভূতপূর্ব প্রয়াস ভারতকে উন্নত দেশ হিসেবে গড়ে তোলার পথ প্রশস্ত করে তুলবে বলে রাষ্ট্রপতি আশা প্রকাশ করেছেন । সেইসঙ্গে তিনি প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর দীর্ঘায়ু ,সু-স্বাস্থ্য ও সুখী জীবন কামনা করেন ।
উপ-রাষ্ট্রপতি জগদীপ ধনখড় তাঁর বার্তায় বলেন যে শ্রী মোদী প্রধানমন্ত্রী হিসেবে দেশের সাংস্কৃতিক কর্মকান্ডে উৎসাহ যুগিয়েছেন , সভ্যতার প্রসারে সহায়তা করেছেন এবং দেশকে ২০৪৭ সালের মধ্যে উন্নত ভারত হিসেবে গড়ে তোলার যাত্রায় দৃঢ়তার সঙ্গে এগিয়ে নিয়ে গেছেন । শ্রী ধনকর সেইসঙ্গে প্রধানমন্ত্রীর সু-স্বাস্থ্য কামনা করেন ।
কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী সামাজিক মাধ্যমে এক বার্তায় বলেন যে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী অক্লান্ত কঠোর পরিশ্রম ,ধৈর্য্য  ও দূরদৃষ্টির মাধ্যমে জনসাধারণের জীবনে ইতিবাচক পরিবর্তন আনতে সক্ষম হয়েছেন । শ্রী শাহ প্রধানমন্ত্রীর সু-স্বাস্থ্য ও দীর্ঘ জীবন কামনা করেন ।

---

প্রধানমন্ত্রীর জন্মদিনের সঙ্গে সঙ্গতি রেখে আজ আসামের ১ লক্ষ তিন হাজার ৫৭৫ টি প্রধানমন্ত্রী আবাস যোজনার নবনির্মত গৃহ প্রবেশ কার্যসূচী অনুষ্ঠিত হয় । এর অংশ

হিসেবে মন্ত্রী বিমল বরা আজ টিংখাং বিধানসভা এলাকার রাজগড় গাঁও পঞ্চায়েতে গৃহপ্রবেশ অনুষ্ঠানে উপস্থিত ছিলেন । এদিকে মন্ত্রী কেশব মহন্ত আজ কলিয়াবর উন্নয়ন খন্ডের হিতাধিকারীদের বাসগৃহ নির্মাণের জন্য অনুমোদন পত্র বিতরনের শুভারম্ভ করেন । এই প্রকল্পের দ্বিতীয় পর্যায়ে আসামকে অতিরিক্ত এক লক্ষ ৭১ হাজার ৫৯৩ টি গৃহ আবন্টন দেওয়া হয়েছে । পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন মন্ত্রী রঞ্জিত কুমার দাস রাজ্যকে উন্নয়ন ও সমৃদ্ধির পথে এগিয়ে নিয়ে যাবার প্রয়াসের জন্য মূখ্যমন্ত্রী ড.হিমন্ত বিশ্ব শর্মাকে কৃতজ্ঞতা জানিয়েছেন । উল্লেখ্য আসামে প্রধানমন্ত্রী আবাস যোজনার গ্রামীণের অধীনে চলতি বছরের ১৫ সেপ্টেম্বর পর্যন্ত ১৯ লক্ষ ১৮ হাজার ৭৮৭ টি গৃহের নির্মাণ সম্পূর্ণ হয়েছে ।

---------------------------------------------------------------------------------------------

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর জন্মদিন উপলক্ষ্যে আজ শিলচর আর্বত ভবন সংলগ্ন বিপিন চন্দ্র পাল সভাস্থলে স্বচ্ছতা হি সেবা অভিযান-২০২৪-এর আনুষ্ঠানিকভাবে উদ্বোধন করা হয় । এ উপলক্ষ্যে বিভিন্ন প্রজাতির ৪০টি গাছের চারা রোপন করা হয় । বৃক্ষরোপন কার্য্যসূচীতে বিধায়ক দীপায়ন চক্রবর্তী , অতিরিক্ত জেলা আয়ুক্ত ভ্যান লাল লিম্পুইয়া প্রমূখ অংশগ্রহন করেন ।

---------------------------------------------------------------------------------------------

রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু জল সংরক্ষণ , উন্নত ব্যবস্থাপনা , উন্নয়ন ও বিতরণের লক্ষ্যে উপনীত হওয়ার জন্য গণ আন্দোলন গড়ে তোলার আবশ্যকতার ওপর গুরুত্ব আরোপ করেছেন ।আজ নতুন দিল্লীর ভারত মন্ডপমে অষ্টম ভারত জল সপ্তাহ উদ্বোধন করে শ্রীমতি মুর্মু এ কথা বলেন ।তিনি জল সংরক্ষণ এবং বহন ক্ষমতার বিষয় সমুহ দূর করার জন্য ঐক্যবদ্ধ প্রয়াসের বিষয়ে উল্লেখ করেন ।তিনি বলেন যে দেশে জলের উৎস্য ব্যবস্থাপনার বহু প্রাচীন প্রথা রয়েছে যেগুলো আজও প্রাসঙ্গিক এবং বর্তমানে এইগুলি আধুনিক রূপে প্রয়োগ করা উচিত বলে তিনি মন্তব্য করেন ।

---------------------------------------------------------------------------------------------

সুপ্রিম কোর্ট আজ দেশের কোন স্থানে আগাম অনুমতি ছাড়া উচ্ছেদ কার্য চালানো যাবেনা বলে এক অন্তর্বর্তী আদেশ জারী করেছে । বিভিন্ন রাজ্যে এধরণের উচ্ছেদ কার্য সম্পর্কে দাখিল করা আবেদনের শুনানি গ্রহণ করে সর্বোচ্চ আদালত এই আদেশ জারি করেছে ।অবশ্য সড়ক , ফুটপাথ, রেলপথ এবং জলাশয় সহ অন্য প্রকাশ্য স্থানে অবৈধ দখলের ক্ষেত্রে এই আদেশ প্রযোজ্য হবেনা বলে আদালত স্পষ্ট করে দিয়েছে ।বিচারপতি ডি আর গাভাই এবং বিচারপতি কে ভি বিশ্বনাথের বিচারপীঠ আজ এই রায় দিয়েছে ।

-----------------------------------------------------------------------------------------

আসামে চলতি বছরে অনুষ্ঠেয় পঞ্চায়েত নির্বাচনের জন্য আজ বেশকয়েকটি জেলার পুনরনির্ধারিত বিধানসভা এলাকার খসড়া প্রকাশ করা হয়েছে । উল্লেখ্য সীমা নির্ধারণের খসড়ার প্রতিলিপি পঞ্চায়েত কার্যালয় , ব্লক কার্যালয় এবং চক্র আধিকারিকের কার্যালয়ে জনসাধারণের দর্শনের জন্য রাখা হবে ।

-----------------------------------------------------------------------------------------

আসাম লোকসেবা আয়োগের পরীক্ষায় অনিয়ম সম্পর্কে বিশেষ তদন্তকারী গোষ্ঠির দাখিল করা অভিযোগনামার ভিত্তিতে আজ বিশেষ ন্যায়াধীশের আদালতে ২৩ জন অভিযুক্ত আধিকারীকের বিরুদ্ধে অভিযোগ গ্রহণ করা হয়েছে ।উল্লেখ্য লোকসেবা আয়োগের পরীক্ষায় অনিয়ম সম্পর্কে গুয়াহাটী হাইকোর্টের অবসরপ্রাপ্ত বিচারপতি বিপ্লব কুমার শর্মা কমিশনের প্রতিবেদনে নাম থাকা ১৪ জন অভিযুক্ত আধিকারীকের নাম তদন্তকারী গোষ্ঠি অভিযোগনামায় সন্নিবিষ্ট করেনি ।বিশেষ আদালত এই ১৪ জনের মধ্যে ৯ জনের বিরুদ্ধে নিজে থেকে অভিযোগ গ্রহণ করেছে ।

-----------------------------------------------------------------------------------------

কেন্দ্রীয় বস্ত্র দপ্তরের প্রতিমন্ত্রী পবিত্র মার্ঘেরিটা আজ নতুনদিল্লীতে বহনক্ষম বস্ত্র সম্মেলনের তৃতীয় সংস্করণের উদ্বোধন করেন ।বস্ত্র ক্ষেত্রের প্রত্যাহ্বানের মুখোমুখি হওয়া সহ এর বহনক্ষমতা বৃদ্ধির সুবিধা প্রদান করার উদ্দেশ্যে এই কার্যসূচীর আয়োজন করা হয়েছে ।অনুষ্ঠানে ভাষণ প্রসঙ্গে শ্রী মার্ঘেরিটা  কর্মসংস্থান সৃষ্টির ক্ষেত্রে বহনক্ষমতা মূল চাবিকাঠি বলে উল্লেখ করেন । তিনি বলেন যে ভারত বহনক্ষমতাকে আধুনিক জীবনশৈলী হিসেবে গ্রহণ করেছে ।

-----------------------------------------------------------------------------------------

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ বিশ্বকর্মা পূজা উপলক্ষ্যে দেশবাসীকে শুভেচ্ছা জানিয়েছেন । সামাজিক মাধ্যমে এক বার্তায় প্রধানমন্ত্রী শ্রী মোদী দক্ষ , পরিশ্রমী হস্তশিল্পী ও সৃষ্টিশীল কাজের সঙ্গে যুক্ত শ্রমিকদের প্রতি শ্রদ্ধা জানিয়েছেন । প্রধানমন্ত্রী এক বার্তায় বলেছেন যে এই শ্রমিকদের দীর্ঘ অবদানের ফলেই দেশ বিকশিত ও আত্ম-নির্ভর ভারতে রূপান্তরিত হবে ।

-----------------------------------------------------------------------------------------

বরাক উপত্যকায়ও আজ ধর্মীয় আচার অনুষ্ঠান ও উৎসাহ উদ্দীপনার মধ্য দিয়ে দেবশিল্পী বিশ্বকর্মা পূজা অনুষ্ঠিত হয়েছে ।

কাছাড় জেলার বিভিন্ন শিল্প প্রতিষ্ঠান , কারখানায় আজ বিশ্বকর্মা পূজা উদযাপন করা হয়েছে ।

এদিকে শিলচর আকাশবাণী ও দূরদর্শন কেন্দ্রেও আজ দেবশিল্পী বিশ্বকর্মা পূজার আয়োজন করা হয়েছে ।

হাইলাকান্দি জেলায়ও আজ যথাযোগ্য মর্য্যাদায় দেবশিল্পী বিশ্বকর্মা পূজা অনুষ্ঠিত হয়েছে । জেলার বিভিন্ন ব্যবসায়িক প্রতিষ্ঠান ও কারখানায় বিশ্বকর্মা পূজার আয়োজন করা হয় ।

---

করিমগঞ্জ জেলায়ও আজ ধর্মীয় উৎসাহ-উদ্দীপনার মধ্য দিয়ে দেবশিল্পী বিশ্বকর্মা পূজা অনুষ্ঠিত হয়েছে । করিমগঞ্জ জেলা আয়ুক্তের কার্য্যলয় , কারখানা ও ব্যবসায়িক প্রতিষ্ঠানে বিশ্বকর্মা পূজার আয়োজন করা হয়েছে ।

---